রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২২, ২০২৬

[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৮ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.১১৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোহাম্মদ আমিন উর রশিদ, মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | খন্দকার আবদুল মুক্তাদির, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি | : | সদস্য |
| (৪) | জনাব মোঃ শহিদুল ইসলাম, এমপি (ফরিদপুর-৪) | : | সদস্য |
| (৫) | জনাব ইকরামুল বারী টিপু, এমপি (নওগাঁ-৪) | : | সদস্য |
| (৬) | জনাব মোঃ রুহুল আমীন দুলাল, এমপি (পিরোজপুর-৩) | : | সদস্য |
| (৭) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৮) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | সচিব, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |


মূল্য : টাকা ৪·০০

| | | | |
|---|---|---|---|
| (১১) | চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | : | সদস্য |
| (১২) | চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) | : | সদস্য |
| (১৩) | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) | : | সদস্য |
| (১৪) | নির্বাহী পরিচালক (বৈদেশিক মুদ্রানীতি), বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| (১৫) | চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন (বিএফএ) | : | সদস্য। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) দেশের সকল প্রকার সারের চাহিদা, উৎপাদন, আমদানি ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা এবং এ সম্পর্কে সুপারিশ প্রণয়ন;

(২) সঠিক সময়ে কৃষকদের নিকট সার সরবরাহের নিশ্চয়তা বিধানকল্পে সার বিতরণ ব্যবস্থা পর্যবেক্ষণ, পর্যালোচনা, পরিবীক্ষণ ও এ বিষয়ে সুপারিশ/পরামর্শ প্রদান;

(৩) সারের ডিলার নিয়োগে বিদ্যমান পদ্ধতি পর্যালোচনা এবং এর যথার্থতা যাচাই করে সুপারিশ প্রদান; এবং

(৪) ইউরিয়া ও নন-ইউরিয়া সার সরবরাহ ও বিতরণ সম্পর্কিত প্রাসংগিক অন্য যে কোনো বিষয় পর্যালোচনা এবং এ সম্পর্কে সুপারিশ প্রণয়ন।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.২২০ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd